# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-২১

২২ জুন ২০২৩
তারিখ: ----------------
০৮ আষাঢ় ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ের ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে অধিক সংখ্যক ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কোরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক শাখা/উপশাখা ব্যবহার করে কোরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। তাছাড়া, পশুর হাটে ব্যাংকের অস্থায়ী বুথ খোলা হলে পশু ব্যবসায়ীগণ অর্থ লেনদেনে উক্ত বুথের সহায়তা গ্রহণ করতে পারেন।

২. বর্ণিত প্রেক্ষিতে, আপনাদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:

ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কোরবানির পশুর হাটের নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা স্বীয় বিবেচনায় নির্বাচন করে উক্ত শাখা/উপশাখাসমূহে বিশেষ ব্যবস্থায় ২৫/০৬/২০২৩ তারিখ হতে ২৬/০৬/২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ে অর্থাৎ বিকাল ৫:০০ টা হতে রাত ১০:০০ টা পর্যন্ত ব্যাংকিং কার্যক্রম চালু রাখা এবং ২৭/০৬/২০২৩ তারিখ হতে ঈদ-উল-আযহার পূর্বদিন পর্যন্ত উক্ত শাখা/উপশাখাসমূহে সকাল ১০:০০ টা হতে রাত ১০.০০ পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখা;

খ) পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে কোরবানীর পশুর হাটে স্বীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপনের ব্যবস্থা গ্রহণ; এবং

গ) সংশ্লিষ্ট ব্যাংক শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীগণের বিশেষ ভাতা প্রদান।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

## আইএডি শাখা কর্তৃক তালিকাঃ

## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## কোরবানীর পশুর হাটের সম্ভাব্য তালিকা/২০২৩

### অস্থায়ী হাট

| ক্রঃ নং | হাটের নাম ও অবস্থান | থানার নাম | বিভাগ |
|---|---|---|---|
| ১. | ইনস্টিটিউট অব লেদার টেকনোলজি মাঠ সংলগ্ন খালি জায়গা | হাজারীবাগ | রমনা |
| ২. | রহমতগঞ্জ খেলার মাঠ (রহমতগঞ্জ মুসলিম ফ্রেন্ডস সোসাইটি স্পোর্টিং ক্লাব মাঠ) | চকবাজার মডেল | লালবাগ |
| ৩. | ধোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা ও আশপাশের খালি জায়গা | সূত্রাপুর | |
| ৪. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেইট বাজার এর মৈত্রী ক্লাব সংলগ্ন আশেপাশের খালি জায়গা | শাহাজাহানপুর | মতিঝিল |
| ৫. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশেপাশের খালি জায়গা | খিলগাঁও | |
| ৬. | লিটন ফ্রেন্ডস্ সংলগ্ন খালি জায়গা ও কমলাপুর স্টেডিয়াম সংলগ্ন বিশ্বরোডের আশেপাশের খালি জায়গা | মুগদা | |
| ৭. | দনিয়া কলেজ সংলগ্ন ঢাকা-চট্রগ্রাম রোডের দুইপার্শ্বে খালি জায়গা | যাত্রাবাড়ী | ওয়ারী |
| ৮. | আমুলিয়া মডেল টাউনের আশেপাশের খালি জায়গা | ডেমরা | |
| ৯. | শ্মশানঘাট সংলগ্ন আশেপাশের খালি জায়গা | শ্যামপুর | |

### স্থায়ী হাট

| ক্রঃ নং | হাটের নাম ও অবস্থান | থানার নাম | বিভাগ |
|---|---|---|---|
| ১০. | সারুলিয়া বাজার, ডেমরা, ঢাকা | ডেমরা | ওয়ারী |

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## কোরবানীর পশুর হাটের সম্ভাব্য তালিকা/২০২৩

### অস্থায়ী হাট

| ক্রঃ নং | হাটের নাম ও অবস্থান | থানার নাম | বিভাগ |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদপুর বসিলাস্থিত ৪০ ফুট সড়ক সংলগ্ন খালি জায়গা | মোহাম্মদপুর | তেজগাঁও |
| ২. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট খেলার মাঠ | তেজগাঁও শিল্পাঞ্চল | |
| ৩. | রজনী গন্ধ্যা সুপার মার্কেট সংলগ্ন আনুমানিক ৩০০ একর খালি জায়গা | ভাষাণটেক | মিরপুর |
| ৪. | মিরপুর সেকশন-৬, ওয়ার্ড-৬ (ইষ্টার্ণ হাউজিং) এর খালি জায়গা | রুপনগর | |
| ৫. | বাড্ডা ষ্টার্ণ হাউজিং আফতাব নগরস্থিত ব্লক-বি হতে এইচ পর্যন্ত খালি জায়গা | বাড্ডা | গুলশান |
| ৬. | সাইদ নগর ১০০ ফিট | ভাটারা | |
| ৭. | ৪৩নং ওয়ার্ডস্থিত মস্তুল চেকপোষ্ট (বরুরা) সংলগ্ন খালি জায়গা | খিলক্ষেত | |
| ৮. | উত্তরা দিয়াবাড়ী ১৬ ও ১৮ নং সেক্টর সংলগ্ন বউ বাজার এলাকার খালি জায়গা | তুরাগ | উত্তরা |
| ৯. | দক্ষিণখান থানাধীন কাওলার শিয়ালডাঙ্গা কোরবানীর পশুর হাট | দক্ষিণখান | |
| ১০. | ৪৪নং ওয়ার্ডের কাঁচপুর বেপারীপাড়া রহমান নগর আবাসিক প্রকল্প এলাকায় | উত্তরখান | |

### স্থায়ী হাট

| ক্রঃ নং | হাটের নাম ও অবস্থান | থানার নাম | বিভাগ |
|---|---|---|---|
| ১১. | গাবতলী পশুরহাট | দারুসালাম | মিরপুর |

| ক্রমিক নং | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন হাটের তালিকা |
|---|---|
| ১ | সাগরিকা |
| ২ | নূর নগর |